**NABAGRAM AMAR CHAND KUNDU COLLEGE**
**DEPARTMENT OF BENGALI**
**COURSE OUTCOME AND PROGRAM OUTCOME**

## নবগ্রাম অমর চাঁদ কুন্ডু কলেজ, মুর্শিদাবাদ
## বঙ্গভাষা ও সাহিত্য বিভাগ

সাম্মানিক বাংলা

Part-II (2nd Year)

Paper-III

কথাসাহিত্যের রূপভেদ, উপন্যাস

উদ্দেশ্যঃ- এই কোর্সটির পাঠের ফলে ছাত্র-ছাত্রী- উপন্যাসের বিভিন্ন দিক সম্পর্কে অবহিত হবে। পাশাপাশি বঙ্কিমচন্দ্রের উপন্যাসটি পাঠের ফলে তারা রোমান্স বিষয়ে জানতে পারবে।

Paper-IV

প্রবন্ধ নিবন্ধের রূপভেদ, বাংলা-কবিতা ও প্রবন্ধ সংকলন

উদ্দেশ্যঃ– এই কোর্সটির পাঠের ফলে ছাত্রছাত্রী প্রবন্ধের বিভিন্ন প্রকার সম্পর্কে জানতে পারবে। পাশাপাশি বিভিন্ন-কবিতা পড়ে ছাত্রছাত্রীরা জ্ঞান অর্জন করবে।

Part-2 - সাধারণ বাংলা

Paper-II

বৈষ্ণবপদাবলী, মেঘনাদবধ কাব্য, সঞ্চয়িতা

উদ্দেশ্যঃ- এই কোর্সটি পাঠের ফলে ছাত্রছাত্রীরা বৈষ্ণব পদাবলীর বিভিন্ন পদ সম্পর্কে জানতে পারবে। পাশাপাশি মধুসূদন দত্তের কাব্যটি সম্পর্কে ছাত্রছাত্রীরা জ্ঞান অর্জন করবে এবং রবীন্দ্রনাথ ঠাকুরের কবিতাগুলি পড়ে ছাত্র-ছাত্রীরা বিভিন্ন বিষয় সম্পর্কে জানতে পারবে।

Paper-III

সাহিত্যের পথে, উপন্যাস

উদেশ্যঃ- এই কোর্সটি পাঠের ফলে ছাত্র-ছাত্রীরা-রবীন্দ্রনাথের বিভিন্ন প্রবন্ধগুলি পড়ে জ্ঞান অর্জন করবে। পাশাপাশি- বঙ্কিমচন্দ্রের উপন্যাসটি পাঠের ফলে তারা সামাজিক জ্ঞান লাভ করবে।

3rd Year- সাম্মানিক বাংলা

BNG-H -PAPER- V

নাটকের রূপভেদ, বঙ্গ রঙ্গমঞ্চ ও থিয়েটারের ধারা, নুরজাহান, ডাকঘর, এবং ইন্দ্রজিৎ

পাঠদানের উদ্দেশ্য - সাহিত্যের সবচেয়ে জীবন্ত অধ্যায় নাটক যা দৃশ্য শ্রব্য সাহিত্যসৃজন, নাটক এবং নাট্যমঞ্চ সম্পর্কে ছাত্র-ছাত্রীকে অবহিত করার উদ্দেশ্যে এই কোর্স এর পাঠদান করা হয়।

BNG-H - PAPER - VI

কাব্যের সংজ্ঞা রূপভেদ, বাংলা কবিতা ও প্রবন্ধ সংকলন, চিত্রা, অশ্রুকণা, সঞ্চিতা,

পাঠদানের উদ্দেশ্য- সাহিত্য নিয়ে পড়তে গেলে কবিতা সম্পর্কে ধারণা রাখা আবশ্যিক, এই অংশটি

কবিতা সম্পর্কে ছাত্র-ছাত্রীকে অনেক তথ্য প্রদান করে, সেই সঙ্গে কবি রবীন্দ্রনাথ ঠাকুর, গিরীন্দ্রমোহিনী দাসী ও কবি নজরুল ইসলামের কাব্য সৃজন সম্পর্কে ছাত্র-ছাত্রীরা জানতে পারে।

BNG-H - PAPER VII

উপন্যাস- পথের পাঁচালী, অরুণ্যের অধিকার, কবি, চিলেকোঠার সেপাই

পাঠদানের উদ্দেশ্য- এই অংশটি ছাত্রছাত্রীকে উপন্যাস সম্পর্কে জ্ঞান দেয়। পাশাপাশি ভারত ও বাংলাদেশের কয়েকজন ঔপন্যাসিকের ঔপন্যাসিক সত্তা সম্পর্কে ছাত্র-ছাত্রীকে অবহিত করে।

BNGH - PAPER VIII

ইংরেজি সাহিত্য, সংস্কৃত সাহিত্য, লোকসাহিত্য, সাহিত্যের পথে, কাব্য জিজ্ঞাসা

পাঠদানের উদ্দেশ্য - ভারতীয় সাহিত্য, আন্তর্জাতিক সাহিত্য, বাংলা নিজস্ব লোকসাহিত্য সম্পর্ক ছাত্রছাত্রীকে পরিচয় করিয়ে দেয়। পাশাপাশি কাব্যতত্ত্বের কথা বলে এবং রবীন্দ্রনাথের সাহিত্য ভাবনা প্রকাশ করে এ অংশটি।

3rd Year (সাধারণ বাংলা)

Bangla /paper - iv

পরিভাষা,প্রুফ সংশোধন,রোমীয় বর্ণমালা, সাক্ষাৎকার

কোর্সের উদ্দেশ্যে- এই কোর্সটি পাঠের ফলে ছাত্র ছাত্রীরা আন্তর্জাতিক মহলের কিছু ইংরেজি শব্দের বাংলা অর্থ আয়ত্ত করতে পারবে পরিভাষা থেকে, প্রুফ সংশোধন ছাত্র-ছাত্রীকে সঠিকভাবে লেখার কৌশল শেখাবে এবং সাহিত্য সৃজনে উদ্বুদ্ধ করবে, রোমীয় বর্ণমালা আন্তর্জাতিক বর্ণমালার উপর ছাত্র-ছাত্রীর দক্ষতা বাড়ানো, সর্বোপরি সাক্ষাৎকার ছাত্র-ছাত্রীকে সঠিকভাবে আলাপচারিতা শেখাবে। এবং পরবর্তীকালে পেশাগত জীবনে দক্ষতা অর্জনে সহায়তা করবে।

SEMESTER - I

BNG-H-CC-T-I -বাংলা সাহিত্যের ইতিহাস (প্রাচীন ও মধ্যযুগ) ও বাংলা ভাষাতত্ত্ব (প্রথমভাগ)- 6 Credit each

উদ্দেশ্য :-এই কোর্সের উদ্দেশ্য বাংলা সাহিত্যের প্রাচীন ও মধ্যযুগের সময়সীমা,সেই সময়সীমায় রচিত সাহিত্য,সাহিত্যে প্রতিফলিত তৎকালীন আর্থসামাজিক, সাংস্কৃতিক দিকে সঙ্গে ছাত্রছাত্রীদের পরিচয় ঘটানো। এই সময় পর্বে প্রধান প্রধান সাহিত্যধার, সাহিত্যের অভিমুখ , বিশিষ্ট কবি সাহিত্যিকদের জীবনাদর্শের সঙ্গে ছাত্র-ছাত্রীদের মানুষ সংযোগ সাধন করা।পাশাপাশি ভাষাতত্ত্বের প্রাথমিক সূত্রাদি সম্পর্কে অবহিত করা।

BNG - CC-T-2 - বাংলা সাহিত্যের ইতিহাস(আধুনিক যুগ ভাষাতত্ত্ব(দ্বিতীয় ভাগ) - 6 Credit each

উদ্দেশ্য :-এই কোর্সের এর উদ্দেশ্য হল শিক্ষার্থীদের আধুনিক যুগ সম্পর্কে সচেতন করা হবে। যে সমস্ত সামাজিক রাজনৈতিক ধর্মীয় সাংস্কৃতিক আন্দোলন হয়েছিল,সে বিষয়ে পাঠ দান করানো হবে। আধুনিক যুগে রচিত সাহিত্যের বিভিন্ন সংরুপ,সাহিত্যের বিভিন্ন বিষয় সম্পর্কে, সাহিত্যিক সম্পর্কে অবহিত করানো হবে। ভাষাতত্ত্বের, শব্দতত্ত্বের বিভিন্ন দিক গুলি সম্পর্কেওঅভিহিত করানো হবে।

SEMESTER -II

BNGH-CC-T-3 - ছন্দ, কৃত্তিবাসী রামায়ণ ও বৈষ্ণব পদাবলী - 6 Credit each

উদ্দেশ্য:-এই কোর্সের মাধ্যমে শিক্ষার্থীদের বাংলা ছন্দ, ছন্দের বিভিন্ন ধারা, ছন্দলিপি নির্ণয় তথা বিশ্লেষণ শেখানো হয়,যাতে ভবিষ্যৎ জীবনে তারা ছন্দ নির্মাণে প্রেরণা পায়। মধ্যযুগের অনুবাদ সাহিত্য কৃত্তিবাসী রামায়ণ পাঠিয়ে তারা কবি কৃত্তিবাসীর আবির্ভাব কাল, জীবন কাহিনী ও তাঁর প্রতিভা সম্পর্কে অবহিত হতে পারে ।বৈষ্ণব পদ সংকলন গ্রন্থের নির্বাচিত পদগুলি পাঠে কবিদের বিভিন্ন পদ ও তাদের কবি প্রতিভা সম্পর্কে অবগত হতে পারে।

BNG-H-CC-T-4 - অলংকার, শাক্ত পদাবলী, অন্নদামঙ্গল- 6 Credit each

উদ্দেশ্য:-এই কোর্সের উদ্দেশ্য হল শিক্ষার্থীদের বাংলা অলংকার সম্পর্কে তত্ত্বজ্ঞান শেখানো, যাতে তারা ভবিষ্যতে কাব্য নির্মাণে প্রেরণা পায় । পাশাপাশিশাক্ত পদাবলীর নির্বাচিত পদগুলি পাঠে বিভিন্ন শাক্ত কবিদের পরিচয় , তাদের প্রতিভা ও তৎকালীন সামাজিক স্থিতির পরিচয় লাভ করতে পারে। অন্নদামঙ্গল কাব্যের নির্বাচিত অংশগুলি পাঠের ফলে মঙ্গলকাব্যের বিবর্তনের ধারা তৎকালীন রাষ্ট্রিক তথা সামাজিক পটভূমি মানবতাবদের প্রতিষ্ঠা ও কবি প্রতি প্রতিভা সম্পর্কে জ্ঞান লাভ করতে পারবে।

SEMESTER -III

BNG-H-CC-T-5 - সাহিত্যে রূপভেদ ও বাংলা ছোটগল্প - 6 Credit each

উদ্দেশ্য :-এই কোর্সের উদ্দেশ্য হল সাহিত্যের রূপবৈচিত্র্য ও গঠনরীতি সম্পর্কে ধারণা প্রদান করা।সাহিত্যের বিভিন্ন সংরূপের রূপ ও আঙ্গিক সম্পর্কে জ্ঞানার্জনের পাশাপাশি শিক্ষার্থী কথা সাহিত্যের(ছোটগল্প ও উপন্যাস) বিবর্তন সম্পর্কে ধারণা লাভ করবে।

BNG-H-CC-T- 6 - উপন্যাস - 6 Credit each

উদ্দেশ্য:-এই কোর্সের উদ্দেশ্য হলো নির্বাচিত কয়েকটি উপন্যাস পড়ার মাধ্যমে শিক্ষার্থীরা সেই সময়ের সমাজ , সমাজগত জটিলতা,ব্যাষ্টি ও সমষ্টির দ্বন্দ্ব , বাঙালি পারিবারিক জীবনের নানা সমস্যা, নারীর অবস্থান,পরিবেশ সম্পর্কিত ভাবনা,দাম্পত্য ছবি , রাজনৈতিক ছবি, মানুষের লড়াই,মনস্তত্ত্ব ইত্যাদি নানা প্রবণতাকে পড়ুয়াদের চেনানোর চেষ্টা করা হবে।

BNG-H-CC-T-7-প্রবন্ধ নিবন্ধের রূপভেদ, জীবনী, প্রবন্ধ পাঠ - 6 Credit each
উদ্দেশ্য:- এই কোর্সের মাধ্যমে শিক্ষার্থী প্রবন্ধ সাহিত্যের রূপবৈচিত্র্য ও গঠনরীতি সম্পর্কে ধারনা লাভ করবে।প্রবন্ধের বিভিন্ন রূপ ও আঙ্গিক সম্পর্কে জ্ঞানার্জনের পাশাপাশি তার বিবর্তন সম্পর্কেও জানতে পারবে।জীবনী ও আত্মজীবনী পাঠের মধ্য দিয়ে পড়ুয়ারা এই সময়কালকে, জীবনী রচনা কারের অভিজ্ঞতা সম্পর্কে পরিচিত হওয়ার সুযোগ পাবে।

SEMESTER -IV

BNG - H - CC- T -8 - বাংলা সমালোচনা ও প্রবন্ধ 6 Credit each

উদ্দেশ্য : - বাংলা প্রবন্ধে দার্শনিক ভাবনা চিন্তার প্রসার ঘটেছে। উনিশ শতকের মধ্যভাগ থেকেই সমাজ, রাষ্ট্র, শিক্ষা, বিজ্ঞান, ভাষা, সাহিত্য, ধর্ম, দর্শন - নানা বিষয়েই বাঙালি চিন্তনগণ ভাবনাকে ব্যক্ত করেছেন।এই কোর্সটির মাধ্যমে শিক্ষার্থীরা সমাজ ও সাহিত্য সম্পর্কে বিচিত্র বিষয়ে সমৃদ্ধ হতে পারবে।

BNG - H -CC - T - 9 - কাব্যের রূপভেদ, কাব্য ও উনিশ শতকের কবিতা - 6 Credit each

উদ্দেশ্য :- এই কোর্সে শিক্ষার্থীরা কাব্যের বিভিন্ন রূপভেদের প্রাথমিক জ্ঞান লাভ করতে পারবে। সেই সঙ্গে উনিশ শতকের বাংলার কবিদের কবিতার সাথে পরিচিত হবে।

BNG - H - CC - T - 10 - বাংলা কবিতা - 6 Credit each

উদ্দেশ্য : -এই পর্বে শিক্ষার্থীরা রবীন্দ্রনাথ - সহ নজরুল ইসলাম, যতীন্দ্রনাথ সেনগুপ্ত প্রভৃতি কবিদের কবিতার সঙ্গে পরিচিত হতে হবে। ঔপনিবেশিক আধুনিকতার সংস্পর্শে এসে আমাদের কাব্যে মে নবযুগের সঞ্চার হয়েছিল, তার বিভিন্ন পর্বকে পড়ুয়ারা আধুনিক কাব্যের মাধ্যমে অনুধাবন করতে পারবে।

BNG - H - SKILL ENHANCEMENT COURSE SEC - T - 2 - প্রতিবেদন, বিজ্ঞাপন, গবেষণার রীতি এবং প্রয়োগ বৈচিত্র্য ( ব্যবহারিক) - SEC - 2 Credit each

উদ্দেশ্য - পরবর্তী জীবনে পেশা হিসাবে যেসব পড়ুয়া সাংবাদিক বা বিজ্ঞাপন তৈরির কাজে নিজেকে মুক্ত করতে চাইবে, তারা এই কোর্স থেকে প্রাথমিক ধারণা করতে পারবে।।

SEMESTER – V

BNG -H -CC -T - 11-উপন্যাস - CORE -6 Credit each

উদ্দেশ্য : - এই কোর্সে তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়, বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায় ও নারায়ণ গঙ্গোপাধ্যায়ের তিনটি বিশিষ্ট উপন্যাস পড়ে বাংলা কথাসাহিত্যে সম্পর্কে একটা পূর্ণাঙ্গ ধারণা অর্জন করতে পারবে।

BNG -H -CC -T -12 - বাংলা নাটকের রূপভেদ, রঙ্গমঞ্চ ও নাটক- CORE - 6 Credit each

উদ্দেশ্য - শিক্ষার্থীরা নাটকের রূপভেদ সম্পর্কে প্রাথমিক ধারণা লাভ করবে। রঙ্গমঞ্চ ও নাটকের বিকাশ পরস্পরের সাপেক্ষ ও পরিপূরক। সামাজিক বাস্তবতার দর্পন হিসেবে নআট্যসআহইত্য পাঠের পাশাপাশি পড়ুয়ারা নাট্যমঞ্চের বিকাশকেও বিবেচনার মধ্যে মনে রাখবে, এই উদ্দেশ্যে কোর্সটি করা হয়েছে।

BNG - H - DISCIPLINE CENTRIC CORE COURSE - DSE - T-1- কাব্যতত্ত্ব, সাহিত্যতত্ত্ব ও সাহিত্য সমালোচনা - CORE - 6 Credit each

উদ্দেশ্য : - সাহিত্যের রূপবৈচিত্র্য ও গঠনরীতি সম্পর্কে এইেকার কোর্সে ধারণা প্রদান করা হবে। সাহিত্যের বিভিন্ন সংরূপের রূপ ও আঙ্গিক সম্পর্কে ধারণা লাভ করতে পারবে।

BNG - H - DISCIPLINE CENTRIC CORE COURSE - DSE - T - 2 - বাংলাদেশ ও বহির্বঙ্গে রচিত বাংলা সাহিত্য - CORE - Credit each

উদ্দেশ্য : - বাংলা সাহিত্য ও সংস্কৃতির সঙ্গে পরিবেশ ভাবনা জড়িয়ে আছে। বাংলা কবিতা, প্রবন্ধ ও উপন্যাসেযেখানেই পরিবেশ সচেতনতার কথা আছে , সেগুলো শিক্ষার্থীরা জানতে পারবে এবং নিজেরাই এর মাধ্যমে পরিবেশের সুরক্ষাতে পরবর্তীতে পদক্ষেপ গ্রহণ করতে পারবে।

SEMESTER-VI

BNG-H-CC-T-13

কবিতা, প্রবন্ধ, উপন্যাস

উদ্দেশ্যঃ- বিভিন্ন কবির কবিতা, প্রবন্ধ ও উপন্যাস পাঠে ছাত্র-ছাত্রীরা আধুনিক জীবন-জিজ্ঞাসায় উদ্বুদ্ধ হবে।

BNG-H-CC-T-14

সংস্কৃত সাহিত্যের ইতিহাস, ইংরাজী সাহিত্যের ইতিহাস,

লোক সাহিত্য।

উদ্দেশ্যঃ- বাংলা সাহিত্যের পাশাপাশি ভারতীয় সাহিত্য ও সংস্কৃতি, পাশ্চাত্য সাহিত্যে জ্ঞান আহরণ এবং লোকসাহিত্যের ধারাকে আয়ত্তীকরণ ইত্যাদি সম্পর্কে ধারণা লাভ করবে।

BNG-H-DSE-T-3

"বাংলা রূপকথা, শিশু কিশোর সাহিত্য ও গোয়েন্দা সাহিত্য"

উদ্দেশ্যঃ- সাহিত্য বিনোদনের অন্যতম মাধ্যম।সাহিত্য ছাত্র-ছাত্রীর মন যাতে কল্পনাপ্রবণ ও হাল্কা হয় তার জন্য রূপকথা ও কিশোর সাহিত্য খুবই দরকারী।আর গোয়েন্দা সাহিত্য ছাত্র-ছাত্রীকে আত্মসচেতন করে তোলো তুলবে।

BNG-H-DSE-T-4

বাংলা ও প্রাদেশিক সাহিত্যঃ-

উদ্দেশ্যঃ- ছাত্র-ছাত্রীকে কেবল বাংলা সাহিত্যে জ্ঞান প্রদান করলে চলে না।কেননা, জীবন গণ্ডীবদ্ধ নয়। ভারতবর্ষের বিভিন্ন প্রদেশের যে ভাষা ও সাহিত্য - তার সম্পর্কে সামান্য হলেও দক্ষতা রাখা দরকার। এই উদ্দেশ্য-পূরণ করে এই প্রাদেশিক সাহিত্য।

**সাধারণ স্তর**

Semester-l

. BNG-G-CC-1

বাংলা সাহিত্যের ইতিহাস( প্রাচীন ও মধ্যযুগ ) ছন্দ, অলংকার ও বৈষ্ণব পদাবলী

উদ্দেশ্য :-এই কোর্সের মাধ্যমে শিক্ষার্থীদের বাংলা সাহিত্যের যুগ সম্পর্কে সচেতন করানোর প্রয়াস রয়েছে । ছাত্র-ছাত্রী প্রাচীন ও মধ্যযুগের সাহিত্য সাহিত্যিক, সাহিত্যে বর্ণিত তৎকালীন সমাজ ও সংস্কৃতির সঙ্গে পরিচিত হবে। ছন্দ ও অলংকারের রূপ নির্ণয় করতে শিখে তারা ভবিষ্যতে কাব্য নির্মাণ ও প্রায়োগিক জ্ঞানের বিকাশ ঘটাবে। বৈষ্ণব পদাবলীর নির্বাচিত পদগুলি পাঠ করে তৎকালীন সমাজ, কবিদের প্রতিভা ও বৈষ্ণব তত্ত্ব জ্ঞান লাভ করবে।

Semester -ll

BNG-G-CC-T-2

বাংলা সাহিত্যের ইতিহাস (আধুনিক যুগ )গদ্যের বিকাশ থেকে সাময়িক পত্র ও ভাষাতত্ত্ব

উদ্দেশ্য :-এই কোর্সের উদ্দেশ্য শিক্ষার্থীদের বাংলা সাহিত্যের আধুনিক যুগ সম্পর্কে অবহিত করা। আধুনিক যুগের সাহিত্য, সাহিত্যি, সাহিত্যে বর্ণিত তৎকালীন সমাজ ও সংস্কৃতির সঙ্গে পরিচিত হবে। আধুনিক যুগে যে সমস্ত সামাজিক রাজনৈতিক ও ধর্মীয়, সাংস্কৃতিক আন্দোলন হয়েছিল সে সম্পর্কে অবহিত হতে পারবে। এই করছে আধুনিক চিন্তা চেতনার বাহক হিসেবে বাংলা সাময়িক পত্রের ভূমিকার কথা জানার পাশাপাশি বাংলা ভাষাতত্ত্বের প্রায়োগিক জ্ঞানের বিকাশ ঘটবে।

উদ্দেশ্য : - বাংলা প্রবন্ধে দার্শনিক ভাবনা চিন্তার প্রসার ঘটেছে। উনিশ শতকের মধ্যভাগ থেকেই সমাজ, রাষ্ট্র, শিক্ষা, বিজ্ঞান, ভাষা, সাহিত্য, ধর্ম, দর্শন - নানা বিষয়েই বাঙালি চিন্তনগণ ভাবনাকে ব্যক্ত করেছেন।এই কোর্সটির মাধ্যমে শিক্ষার্থীরা সমাজ ও সাহিত্য সম্পর্কে বিচিত্র বিষয়ে সমৃদ্ধ হতে পারবে।

. Semester -lll

. BNG-G-CC-T-3

জীবনী, আত্মজীবনী ও ভ্রমণ কাহিনী

উদ্দেশ্য :-জীবনী ও আত্মজীবনী পাঠের মধ্য দিয়ে পড়ুয়ারা এই সাহিত্যগুলির গঠন বৈশিষ্ট্য সেই সকল ব্যক্তিবর্গের জীবনাদর্শকে যেমন চিনবে , তেমনি তাদের সময়কালের ধরণটিকেও আয়ত্ত করতে পারবে। রবীন্দ্রনাথের জীবনস্মৃতির নানা অংশ পাঠে তারা ভবিষ্যৎ জীবনের নানা দিকের সন্ধান পাবে।

সুখ পাঠ্য ভ্রমণ সাহিত্য পাঠের মধ্য দিয়ে তারা দেশে-বিদেশের বিচিত্র জীবন অভিজ্ঞতার সঙ্গে পরিচিত হতে পারবে।

SEMESTER - IV

BNG - G - SKILL ENHANCEMENT COURSE - SEC - T - 2 - প্রতিবেদন, বিজ্ঞাপন রচনা, সাহিত্য পাঠ ও প্রয়োগ বৈচিত্র্য ( ব্যবহারিক )

উদ্দেশ্য : - পরবর্তী জীবনে পেশা হিসেবে যেসব পড়ুয়া সাংবাদিক ও বিজ্ঞাপন তৈরির কাজ করতে চাইবে, তারা এই কোর্স থেকে ওইসব বিষয়ের প্রাথমিক ধারণা করতে পারবে। তাছাড়া সাহিত্য পাঠ প্রয়োগ বৈচিত্র্য এই বিষয়টি থেকে সাহিত্যের বিভিন্ন বিষয়কে কবিতা, নাটক এসব বিষয়ে চর্চা করতে বাড়তি সুবিধা পাবে।

BNG - G - LANGUAGE CORE COURSE - LCC - T - 2- 6 Credit each

উদ্দেশ্য : - বাংলা সাধারণ বিভাগের পড়ুয়াদের জন্য এই কোর্সটিতে রবীন্দ্রনাথ ঠাকুর,মধুসূদন দত্ত ও জীবনানন্দ দাসের কাব্যপাঠের মধ্যে দিয়ে রবীন্দ্রনাথের নাটক ও ছোটগল্প এবং অন্যান্য ছোটগল্পকারের লেখা গল্প পড়ে বাংলা সাহিত্যে সম্পর্কে প্রাথমিক ধারণা করতে পারবে।

BNG - G - CC - T - 4 - বাংলা উপন্যাস, নাটক ও প্রবন্ধ - 6 Credit each

উদ্দেশ্য : - এই পর্বে সাহিত্যসম্রাট বঙ্কিমচন্দ্রের উপন্যাস , রবীন্দ্রনাথ ঠাকুরের প্রবন্ধ ও মধুসূদন দত্তের প্রহসন সম্পর্কে সাধারণ ধারণা প্রদান করা হবে।

SEMESTER - V

BNG - G - DISCIPLINE SPECIFIC ENHANCEMENT - DSE -.T - 4 -
কাব্যতত্ত্ব,সাহিত্যতত্ত্ব ও সাহিত্য সমালোচনা - 6 Credit each

উদ্দেশ্য: -সাহিত্যের রূপবৈচিত্র্য ও গঠনরীতি সম্পর্কে এই কোর্সে ধারণা প্রদান করা হবে। সাহিত্যের বিভিন্ন সংরূপের রূপ ও আঙ্গিক সম্পর্কে ধারণা লাভ করতে পারবে। সেই সঙ্গে বিশিষ্ট বাংলা সাহিত্য সমালোচনামূলক প্রবন্ধ পড়ে সমালোচনা প্রাথমিক ধারণা লাভ করতে পারবে।

BNG - GENERIC ELECTIVE - G.E - T - 1 - বাংলা রঙ্গমঞ্চ ও নাটকপাঠ - 6 Credit each

উদ্দেশ্য : রঙ্গমঞ্চ ও নাটকের বিকাশ পরস্পরের সাপেক্ষ ও পরিপূরক। সামাজিক বাস্তবতার দর্পণ হিসেবে নাট্যসাহিত্য পাঠের পাশাপাশি পড়ুয়ারা নাট্যমঞ্চের বিকাশকেও বিবেচনার মধ্যে মনে রাখবে,এই উদ্দেশ্যে কোর্সটি করা হয়েছে।

BNG-G-SEC-T-3, credit-2
লোকগান, তত্ত্বমূলক গান (ভাওয়াইয়া, ভাটিয়ালি, আলকাপ)
উদ্দেশ্যঃ- এই কোর্সটির দ্বারা ছাত্র-ছাত্রী লোকগান সম্পর্কে ধারণা লাভ করতে পারবে। এবং ভবিষ্যতে নিজেরা এই সকল গানের মধ্যে থেকে রসাস্বাদন করে জীবনী শক্তি লাভ করতে পারবে।

SEMESTER—VI

BNG - G - DISCIPLINE SPECIFIC ENHANCEMENT - DSE - T - 2 - বাংলা রূপকথা, শিশু কিশোর ও গোয়েন্দা সাহিত্য - 6 Credit each

উদ্দেশ্য: - সাহিত্যের পাঠ এবং আস্বাদনে কিশোরদের অভ্যাস তৈরি হয়ে ওঠে গোয়েন্দা গল্প, কল্পবিজ্ঞানের কাহিনী অথবা ভূতের গল্পের মধ্যে দিয়ে। তাদের চেনা ক্ষেত্রকেই পড়ুয়ারা এখানে বিদ্যায়তনিক পাঠ শৃঙ্খলায় অধ্যায়ন করতে শিখবে।

BNG - G- GENERIC ELECTIVE - GE - T - 2 - পরিবেশ ভাবনা ও বাংলা সাহিত্য - 6 Credit each

উদ্দেশ্য : - বাংলা সাহিত্য ও সংস্কৃতির সঙ্গে পরিবেশ ভাবনা জড়িয়ে আছে। বাংলা কবিতা, উপন্যাস ও প্রবন্ধ ও উপন্যাসের যেখানেই পরিবেশের কথা আছে , সেগুলো শিক্ষার্থীরা জানতে পারবে এবং নিজেরাই এর মাধ্যমে পরিবেশের সুরক্ষাতে পরবর্তীতে পদক্ষেপ গ্রহণ করতে পারবে।

BNG - G - SKILL ENHANCEMENT COURSE-SEC- T - 4 - প্রুফ, আই.পি.এ ও প্রবন্ধ রচনা - 2 Credit each

উদ্দেশ্য : - যেসব সাহিত্যরূপ পড়ুয়ারা পড়ছে / পড়েছে তার কীভাবে তৈরী হয়ে ওঠে, তার কলাকৌশলগুলি সম্পর্কে এখানে হাতে কলমে তাদের ধারণা দেওয়া হবে। তার সঙ্গে বানান , IPA এবং প্রবন রচনা সম্পর্কে ব্যবহারিক জ্ঞানও দিতে চাওয়া হয়েছে এই কোর্সে।

LANGUAGE CORE COURSE (LCC)

সাম্মানিক বাংলা ও সাধারণ বাংলা
Semester –ll & Semester –IV
BNG-G-LCC-T-l
শাক্ত পদাবলী, কাব্য ও উপন্যাস - 6 Credit each

উদ্দেশ্য :-সাধারণ বিভাগের সমস্ত শিক্ষার্থীদের যারা core course হিসেবে বাংলা নিয়েছে, তাদের এই কোর্সটি করতে হয়।এই কোর্সের মাধ্যমে তারা মধ্যযুগের পদাবলী সাহিত্য শাক্ত পদাবলীর পদ , কবিদের প্রতিভা, তৎকালীন সমাজ চিত্র সম্পর্কে পরিচিত হওয়ার সুযোগ পাবে। পাশাপাশি আধুনিক কাব্য ও উপন্যাসের রসাস্বাদনের সঙ্গে সঙ্গে বাংলা সাহিত্যে তাদের বিশেষত্ব গুলি চিহ্নিত করতে পারবে।

BNG - G - LANGUAGE CORE COURSE - LCC - T - 2কবিতা, নাটক ও ছোটগল্প - 6 Credit each

উদ্দেশ্য : - বাংলা সাধারণ বিভাগের পড়ুয়াদের জন্য এই কোর্সটিতে রবীন্দ্রনাথ ঠাকুর,মধুসূদন দত্ত ও জীবনানন্দ দাশের কাব্যপাঠের মধ্যে দিয়ে রবীন্দ্রনাথের নাটক ও ছোটগল্প এবং অন্যান্য ছোটগল্পকারের লেখা গল্প পড়ে বাংলা সাহিত্যে সম্পর্কে প্রাথমিক ধারণা করতে পারবে।

DEPARTMENT OF BENGALI

COURSE OUTCOME AND PROGRAM OUTCOME ( COPO)

অ) সাম্মানিক বাংলা DICIPLICENTRIC CORE COURSE

এবং

সাম্মানিক বাংলা DISCIPLINE SPECIFIC ELECTIVE

এবং

সাধারণ বাংলা DISCIPLINE CENTRIC COURSE

এবং

সাধারণ বাংলা LCC (2) MIL

সাধারণ বাংলা DISCIPLINE SPECIFIC ELECTIVE কোর্সগুলির মধ্য দিয়ে ছাত্র -ছাত্রীদের বাংলা সাহিত্যে ও ভাষা সাহিত্যের ইতিহাস, বাংলা সাময়িক পত্রের ইতিহাস, বাংলা ভাষার ভাষাগত বৈশিষ্ট্য, সাহিত্যের রূপভেদ, বাঙালির সমাজ ও ধর্ম সংস্কৃতির বিবর্তন, বাঙালির দার্শনিকতা, ঔপনিবেশিক আধুনিকতার ভেতর থেকে উঠে আসা জটিলতা, কৃষ্টি- সমষ্টির দ্বন্দ্ব এবং মানুষের লড়াই সংগ্রামের পরিচয় গ্রহণ করতে করতে পৌঁছে যাবে চিন্তা - উপলব্ধির সেই স্তরে যেখানে তারা হবে বিজ্ঞান ও যুক্তিনির্ভর এবং সমাজ ও মানুষের প্রতি দায়বদ্ধ।

পাঠক্রমগুলি শেখাবে অন্ধকারের বিরুদ্ধে নানাভাবে নানা দৃষ্টিকোণ থেকে লড়াই করার কৌশল। ছাত্র -ছাত্রীরা পাবে ব্যক্তিক বিপন্নতা, অসহায়তা ও বিপর্যয়ের মধ্যে থেকে উঠে দাঁড়াবার আত্মশক্তি। তাছাড়া তারা নিবিড় ভ্রাতৃত্বমূলক সম্বন্ধে পুষ্ট হবে, সৃষ্টি করবে মৌলিক স্বাধীন মতামত প্রকাশের অবকাশ। ভাষা, সাহিত্য ও জাতি ঘিরে হীনমন্যতা তো দূর হবেই এবং জাতি, সম্প্রদায়, বর্ণ, প্রদেশ ইত্যাদি বিভেদের বাধা কাটিয়ে শুধু বাঙালি নয়, ভারতীয় নাগরিক এবং বিশ্বের মানুষ হিসেবে গর্বিত হবে।

আ ) সাম্মানিক বাংলা SKILL ENHANCEMENT COURSE

এবং

সাধারণ বাংলা SKILL ENHANCEMENT COURSE

এই দুটি কোর্সের মধ্য দিয়ে

১) ছাত্র - ছাত্রীদের বাংলা মুদ্রণ ও প্রকাশনা সংক্রান্ত কর্মক্ষেত্রে কাজের সুযোগ বৃদ্ধি পাবে। সাগ্রহে সানন্দে কাজ করতে চাইবে তারা।

২) পরবর্তী জীবনে পেশা হিসাবে ছাত্র -ছাত্রীরা পেশাদার নাট্যমঞ্চে, সিনেমা - সিরিয়ালে, আবৃত্তির মঞ্চে নিয়মিত কাজ করার সুযোগ পাবে।

Ability Enhancement compulsory Course(AECC)
বোধপরীক্ষণ, পত্ররচনা, প্রতিবেদন, পরিভাষা, ছোটগল্প,, কবিতা (নির্বাচিত) (Sem-II/H and Sem-I Prog)

BNG-H-AECC-T-I (SEM-II) (সাম্মানিক বাংলা) BNG-G-AECC-T-1 (Sem-I) (সাধারণ বাংলা)

উদ্দেশ্যঃ- এই আবশ্যিক বাংলার কোর্সটি সাম্মানিক ও সাধারণ সকল পড়ুয়াদেরকেই অধ্যয়ন করতে হয়। বোধ-পরীক্ষণের মাধ্যমে ছাত্র-ছাত্রী কোনো বিষয়কে বোধগম্য করতে শেখে।ভবিষ্যতে নিজস্ব ভাব প্রকাশ করতে শেখে। পত্ররচনা, প্রতিবেদন প্রভৃতি শিক্ষণের দ্বারা তারা ভবিষ্যতে কর্মক্ষেত্রে এগিয়ে যেতে পারবে। পরিভাষা শেখার দ্বারা তারা অন্যান্য ভাষায় বার্তালাপে পটু হতে পারবে। পাশাপাশি বাংলা ছোটগল্প ও নির্বাচিত কবিতাগুলি পাঠ করে ভবিষ্যতে সাহিত্যপাঠে উদ্বুদ্ধ হবে।

সাম্মানিক বাংলা (MAJOR)

SEMESTER - 1

BENG-CC-101 - বাংলা সাহিত্যের ইতিহাস (প্রাচীন ও মধ্যযুগ) ও ভাষাতত্ত্ব (প্রথমভাগ)

উদ্দেশ্য:-এই কোর্সের উদ্দেশ্য বাংলা সাহিত্যের প্রাচীন ও মধ্যযুগের সময়সীমা, সেই সময়সীমায় রচিত সাহিত্য, সাহিত্যে প্রতিফলিত তৎকালীন আর্থ সামাজি, সাংস্কৃতিক দিকে সঙ্গে ছাত্র-ছাত্রীদের পরিচয় ঘটানো।এই সময় পর্বে প্রধান প্রধান সাহিত্যধারা, সাহিত্যের অভিমুখ, বিশিষ্ট কবি সাহিত্যিকদের জীবনাদর্শের সঙ্গে,ছাত্র-ছাত্রীদের মানুষ সংযোগ সাধন করা।পাশাপাশি ভাষাতত্ত্বের প্রাথমিক সূত্রাদি সম্পর্কে অবহিত করানো।

. BENG-CC-102- MULTI DISCIPLINARY COURSE - DSE

তুলনামূলক বিচার:সাহিত্য- চলচ্চিত্র- কমিক্স
উদ্দেশ্য :-এই কোর্সের মাধ্যমে,সাহিত্যের সঙ্গে অন্যান্য মাধ্যমের তথা চলচ্চিত্র, নাটক, কমিকস, বিজ্ঞান, ইতিহাস, পুরাণ, পরিবেশ,ইত্যাদি বিষয়ের সঙ্গে পরিচিত হওয়ার সুযোগ পাবে। প্রাচ্য ও পাশ্চাত্য বিভিন্ন বিষয়ের তুলনামূলকতায় বিভিন্ন সংস্কৃতি ও সংরূপ এর সঙ্গে পরিচয় লাভ করবে।

BENG-CC-103 - SKILL ENHANCEMENT COURSE - SEC- বাংলা বানানবিধি, প্রুফ সংশোধন,পরিভাষা,কনটেন্ট রাইটিং

উদ্দেশ্য :- এই কোর্সের মাধ্যমে শিক্ষার্থীদের পরবর্তী কর্ম ক্ষেত্রে প্রবেশের উপযোগী বিভিন্ন দিকে দক্ষ করে তোলা হবে। শিক্ষার্থী এই বিষয়গুলি আয়ত্ত করে তাদের পঠন পাঠনে এবং কর্ম ক্ষেত্রে পেশাদার হয়ে উঠবে।

BENG-CC-104 - VALUE ADDED COURSE
এনভায়রনমেন্টাল এডুকেশন

উদ্দেশ্য:এই কোর্সের মাধ্যমে শিক্ষার্থীদের পরিবেশ সম্পর্কে সচেতন করা এবং ভবিষ্যতে পরিবেশকে সুরক্ষিত রাখার পাঠ দেওয়া হয়।

SEMESTER - 2

সাম্মানিক বাংলা
MAJOR COURSE

BENG-CC-201- বাংলা সাহিত্যের ইতিহাস(আধুনিক যুগ)বাংলা ভাষাতত্ত্ব(দ্বিতীয় পর্ব)

উদ্দেশ্য :-শিক্ষার্থীদের আধুনিক যুগ সম্পর্কে সচেতন করা হবে । আধুনিক যুগে যে সমস্ত সামাজিক, রাজনৈতিক, ধর্মীয়, সাংস্কৃতিক, আন্দোলন হয়েছিল সে বিষয়ে পাঠদান করা হবে। আধুনিক যুগে রচিত সাহিত্যের বিভিন্ন সংরূপ, সাহিত্যের বিভিন্ন বিষয় সম্পর্কে , সাহিত্যিক সম্পর্কে অবহিত করা হবে।

BENG-CC-202 - ABILITY ENHANCE CORE COURSE - AECC
কমিউনিকেটিভ ইংলিশ

উদ্দেশ্য:-এই কোর্সের মাধ্যমে শিক্ষার্থী বিশ্বের বিভিন্ন ভাষাভাষী মানুষের সঙ্গে ভাবের আদান প্রদানের জন্য সংযোগকারী ভাষা শিখবে।

BENG-CC-203 - MULTI DISCIPLINARY COURSE - DSE -
তুলনামূলক বিচার :সাহিত্য -চলচ্চিত্র- নাটক

উদ্দেশ্য :-শিক্ষার্থী এই কোর্সের মাধ্যমে সাহিত্যের সঙ্গে অন্যান্য মাধ্যমের যথা চলচ্চিত্র, নাট, কমিক্স,বিজ্ঞান, ইতিহাস, পুরান, পরিবেশ ইত্যাদি বিষয়ের সঙ্গে পরিচিত হওয়ার সুযোগ পাবে। প্রাচ্য ও পাশচাত্য বিভিন্ন বিষয়ের তুলনামূলকতায় বিভিন্ন সংস্কৃতি এবং সংরূপ এর সঙ্গে পরিচয় লাভ করবে।

BENG-CC-204 - SKILL ENHANCEMENT COURSE - SEC

প্রতিবেদন, বিজ্ঞাপন নির্মাণ , অনুবাদ, আই পি এ

উদ্দেশ্য :-এই কোর্সের মাধ্যমে শিক্ষার্থী পূর্ববর্তী সেমিস্টারে অর্জিত অভিজ্ঞতার ভিত্তিতে প্রায়োগের দিকের প্রকাশ প্রকাশ ঘটাতে পারবে। পরবর্তী ক্ষেত্রে কর্মক্ষেত্রে প্রবেশের অনেকগুলি অভিমুখ উন্মোচিত হবে।

Course type - Minor course

Course code -BENG-GG-101

Course credit -4

চর্যাপদ, শ্রীকৃষ্ণকীর্তন, বৈষ্ণব পদাবলী, অনুবাদ সাহিত্য, চৈতন্য জীবনী সাহিত্য, মঙ্গলকাব্য, শাক্ত পদাবলী, বাংলা ভাষাতত্ত্ব।

উদ্দেশ্য :এই কোর্সের মাধ্যমে শিক্ষার্থীদের বাংলা সাহিত্যের ও বাংলা ভাষার যুগ সম্পর্কে সচেতন করানোর প্রয়াস রয়েছে। ছাত্র-ছাত্রী প্রাচীন ও মধ্যযুগের সাহিত্য, সাহিত্যিক, সাহিত্যে বর্ণিত তৎকালীন সমাজ ও সংস্কৃতির সঙ্গে পরিচিত হতে পারবে। ভাষাতত্ত্বের প্রাথমিক দিক সম্পর্কেও ছাত্র-ছাত্রী অবহিত হবে। সাহিত্য সমাজ,সংস্কৃতি, ভাষা সম্পর্কে তাদের প্রায়োগিক ও বৌদ্ধিক জ্ঞানের বিকাশ ঘটবে।